

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
ঢাকা

১৯.০০.০০০০.১১১.৪০.৩৭৮.২০/১৬৭০

২৪ অক্টোবর ২০২২

প্রেরক: মোহাম্মদ আব্দুল্লাহ-আল-মামুন
পরিচালক (সংস্থাপন)

প্রাপক: জনাব জাকির আহমেদ
কনসাল
বাংলাদেশ কনস্যুলেট, সিটুয়ে।


বিষয়: মায়ানমারে মার্কিন ডলার ঘাটতির কারণে বাংলাদেশ কনস্যুলেট, সিটুয়ে-এর আর্থিক সংকট নিরসনে স্থায়ী দাদনের পুনর্ভরণের প্রেষিতক ঢাকা হতে নগদ ডলারে উত্তোলনপূর্বক মায়ানমারে বহন করে নিয়ে যাওয়ার জন্য ঢাকা সফরের মঞ্জুরি প্রসঙ্গে।

আদিষ্ট হয়ে মায়ানমারে মার্কিন ডলার ঘাটতির কারণে বাংলাদেশ কনস্যুলেট, সিটুয়ে-এর আর্থিক সংকট নিরসনে স্থায়ী দাদনের পুনর্ভরণের প্রেষিতক ঢাকা হতে নগদ ডলারে উত্তোলনপূর্বক মায়ানমারে বহন করে নিয়ে যাওয়ার জন্য আপনার ঢাকা সফরের সরকারি মঞ্জুরি জ্ঞাপন করা হলো।

০২। উল্লিখিত মঞ্জুরির শর্তাবলি নিম্নরূপ:

- ভ্রমণকালীন আপনি সরকারি কাজে কর্তব্যরত রয়েছেন বলে গণ্য হবেন;
- আপনি যাতায়াতের জন্য বিমান ভাড়া এবং বিধি অনুযায়ী অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন এবং এ ব্যয় মিশনের ২০২২-২৩ অর্থ-বছরের বাজেটের “৩২৪৪১০১-ভ্রমণ ব্যয়” খাত থেকে সংকুলান করা হবে;
- আপনি আগামী ২৫ অক্টোবর ২০২২ তারিখ অথবা তার নিকটবর্তী সময়ে ঢাকা-র উদ্দেশ্যে সিটুয়ে ত্যাগ করবেন এবং ২৭ অক্টোবর ২০২২ বা তার নিকটবর্তী সময়ে সিটুয়ে-এর উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন;
- অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় আপনি বাংলাদেশে অবস্থান করতে পারবেন না।

০৩। যথোপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।



24/10/2022
(মোহাম্মদ আব্দুল্লাহ-আল-মামুন)
পরিচালক (সংস্থাপন)

১৯.০০.০০০০.১১১.৪০.৩৭৮.২০/১৬৭০

২৪ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক (প্রশাসন), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (পররাষ্ট্র বিষয়ক), সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। পরিচালক (পররাষ্ট্র সচিবের দপ্তর/সংস্থাপন/অর্থ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ৫। ডেপুটি কমিশনার (কাস্টমস), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ৬। দূতালয় প্রধান, বাংলাদেশ কনস্যুলেট, সিটুয়ে।
- ৭। সহকারী সচিব (সফর/বাজেট/তহবিল/হিসাব/অডিট ও পেনশন)/সহকারী সচিব (আইসিটি-ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা (বেহিরাগমন সংক্রান্ত প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের অনুরোধসহ)।
- ৯। অফিস কপি।


24.10.2022
(নাজমুল হাসান মজুমদার)
সহকারী সচিব (সংস্থাপন-১)
ফোনঃ ২২৩৩৮৪০৭৮
ইমেইলঃ p1@mofa.gov.bd